

# বামনপুকুর হুমায়ুন কবীর মহাবিদ্যালয়

নমুনা প্রশ্ন

বি.এ. (অনার্স) (বাংলা) CC - 09

রবীন্দ্র সাহিত্য

চতুর্থ সেমেস্টার

দেবরাজ হাওলাদার  
বিভাগীয় সহ-অধ্যাপক

## ১. “ঘরে বাইরে” উপন্যাসের প্রশ্ন:

- ক. “ঘরে বাইরে” উপন্যাসে রবীন্দ্রনাথের নারী মুক্তি চেতনার পরিচয় দাও।
- খ. এই উপন্যাসকে রাজনৈতিক উপন্যাস বলা যায় কিনা যুক্তি দাও।
- গ. গঠন শৈলী সম্পর্কে আলো করো (আত্মকথন, চিঠিপত্র, গান, কবিতা, সংলাপধর্মীতা)
- ঘ. নামকরণের সার্থকতা।
- ঙ. নিখিলেশ চরিত্র।
- চ. বিমলা চরিত্র।
- ছ. ত্রিকোন প্রেমের উপন্যাস হিসেবে ঘরে বাইরে, চোখের বালি ও শরৎচন্দ্রের গৃহদাহ উপন্যাসের একটি তুলনামূলক আলোচনা।

## ২. “প্রাচীন সাহিত্য” থেকে প্রশ্ন:

- ক. প্রাচীন সাহিত্য গ্রন্থের গদ্যরীতির পরিচয় দাও।
- খ. এই গ্রন্থের শ্রেণি নির্ণয়/গোত্র বিচার করো।
- গ. “শকুন্তলা” প্রবন্ধে পাশ্চাত্যের কোন কোন নারীর তুলনা এসেছে আলোচনা করো।
- ঘ. মেঘদূত প্রবন্ধে -অতলস্পর্শ বিরহের পরিচয়/কেবল অতীত বর্তমান নহে - অতলস্পর্শ বিরহ” - আলোচনা করো।
- ঙ. “কুমারসম্ভব” ও “শকুন্তলায়” সৌন্দর্য চেতনার পরিচয় দাও।
- চ. কাব্যে উপেক্ষিতা প্রবন্ধে কোন কোন নারীর উপেক্ষিতা হওয়ার কথা বলেছে।

## ৩. “ছেলেবেলা” থেকে প্রশ্ন:

- ক. ছেলেবেলা গ্রন্থে রবীন্দ্রনাথের বাল্যকালের স্মৃতিচারণার পরিচয় দাও।
- খ. ছেলেবেলা গ্রন্থে তৎকালীন কলকাতার সমাজজীবন।
- গ. ছেলেবেলা গ্রন্থে রবীন্দ্রনাথের ব্যক্তি জীবনে পরিবার এবং পরিবারের বাইরের ব্যক্তিদের প্রভাব আলোচনা করো।
- ঘ. ছেলেবেলা গ্রন্থের সূচনায় ব্যবহারিত কবিতাটির তাৎপর্য লেখ।
- ঙ. ছেলেবেলা গ্রন্থের ভাষা সম্পর্কে আলোচনা।

## ৪. “রাশিয়ার চিঠি” থেকে প্রশ্ন:

- ক. এই গ্রন্থে রবীন্দ্রনাথের রাশিয়া ভাবনার পরিচয়/এ জন্মের তীর্থ দর্শনের পরিচয়।
- খ. আলোচ্য গ্রন্থে ভ্রমণ সাহিত্য ও পত্র সাহিত্যের মেল বন্ধন বিষয়ে আলোচনা।

- গ. মানবমুক্তি তথা সমাজচেতনা হিসাবে রাশিয়ার চিঠির গুরুত্ব লেখ।
- ঘ. রাশিয়ার চিঠি গ্রন্থে উপসংহার অংশের তাৎপর্য।
- ঙ. রাশিয়ার চিঠিতে রবীন্দ্রনাথের গদ্য ব্যবহারের তাৎপর্য।
৫. **যেকোন ২টি প্রশ্নের উত্তর দাও :**
- ক. “ঘরেবাইরে” উপন্যাস মেজরানী চরিত্র।
- খ. ঘরেবাইরে উপন্যাসের সন্দীপ চরিত্রের পরিচয়।
- গ. “বাইরের মধ্যে তুমি আমাকে পাও, আমিও তোমাকে পাই। ওইখানে আমাদের দেনাপাওনা বাকী আছে।” - প্রসঙ্গ ও তাৎপর্য
- ঘ. “আমি ঘরও হারিয়েছি, পথও হারিয়েছি।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- ঙ. “তুমি যে কাকে চাও, তাও জানোনা, কাকে পেয়েছো তাও জানোনা।” - প্রসঙ্গ ও তাৎপর্য
- চ. “আমার স্বামী বারবার বলে এসেছেন, স্ত্রী-পুরুষের পরস্পরের প্রতি সমান অধিকার-সুতরাং তাদের সমান প্রেমের সম্বন্ধ।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- ছ. কোন ইংরেজি কবি লিখিয়াছেন, মানুষেরা এক একটি বিচ্ছিন্ন দ্বীপের মতো।”-- প্রসঙ্গ ও তাৎপর্য
- জ. “লতার সহিত ফুলের যেরূপ সম্বন্ধ, তপোবনের সহিত শকুন্তলার সেইরূপ স্বাভাবিক সম্বন্ধ।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- ঝ. “আমরা প্রত্যেকে নির্জন গিরিশৃঙ্গের এককী দণ্ডায়মান হইয়া উত্তরমুখে চাহিয়া আছি।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- ঞ. “সংস্কৃত কাব্যের আর দুইটি তপস্বিনী, আমাদের চিত্ত ক্ষেত্রে তপোবন রচনা করিয়া বাস করিতেছে।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- ট. “চুরি করে চাবির গোছা লুকিয়ে ফুলের টবে স্নেহের রাগে রাগিয়ে দিতেন নানা উপদ্রবে।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- ঠ. “শেষকালে সেই পুকুরের কাল ঘনিয়ে, পড়লো তার মধ্যে গাড়ি গাড়ি রাবিশ।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- ড. “সে দাদাকে এনে দিত পদ্মা থেকে ইলিশ মাছ আর কচ্ছপের ডিম।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- ঢ. “দেওয়ালে বুলছে আস্ত একটা কঙ্কাল।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- ণ. “আমি চিরকাল ছিলাম রাত জাগিয়ে ছেলে।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- ত. “খোটা দিয়ে বলতেন - কোনদিন বিহারী চক্রবর্তীর মত লিখতে পারবে না।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- থ. “সূর্যমুখী ও কুন্দনন্দিনী আপন লোকের মত আনাগোনা করছে ঘরে ঘরে।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- দ. “রাশিয়া না এলে এ জন্মের তীর্থ দর্শন অত্যন্ত অসমাপ্ত থাকত।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- ধ. “ধনগত বৈষম্যের বড়াই আমাদের দেশে এসেছে পশ্চিম মহাদেশ থেকে।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- ন. “আমাদের দেশে কোন এক সময়ে গোবর্ধনধারী কৃষ্ণ বোধহয় ছিলেন কৃষির দেবতা।”- প্রসঙ্গ ও তাৎপর্য
- প. “কিন্তু রাশিয়া ঘুরে সেই সৌন্দর্যের ছবি আমার মন থেকে মুছে গেল।”-প্রসঙ্গ ও তাৎপর্য